

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৩০

আগরতলা, ৩ অক্টোবর, ২০১৯

শারদোৎসব উপলক্ষে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

শারদোৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, দেবী দুর্গা হলেন জাগতিক শক্তির প্রতীক। আসুরিক অশুভ শক্তিকে বিনাশ করে তিনি শুভ শক্তির জয়ের বার্তা নিয়ে আসেন। তিনি আমাদের কাছে মাতৃরূপে পূজিতা হন আবার শক্তির আরাধ্যা হিসেবেও বিরাজমান।

শারদোৎসব আমাদের রাজ্যের চিরাচরিত ঐতিহ্য ও সার্বজনীনতার উৎসব। উৎসবের অমলিন আলো সবার জীবনে সুখ ও সমৃদ্ধি নিয়ে আসুক। সবার সম্মিলিত প্রয়াসেই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে আমরা একসাথে কাজ করতে পারবো দেবী দশভূজার কাছে সেটাই হোক আমাদের সকলের প্রার্থনা।

উৎসবের এই পুণ্যলগ্নে আমি প্রিয় রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করছি।
